# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**29-03-2026** **Time: 1.40 PM**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিজনিত সংকটকালে দেশবাসীর কাছে এক জোট হয়ে পরিস্থিতি মোকাবিলার আহ্বান জানিয়েছেন।

তিনি আজ আকাশবাণীর ১৩২-তম মন-কি-বাত অনুষ্ঠানে এই পরিস্থিতিতে গুজবে প্রভাবিত না হয়ে সরকারী তথ্যের ওপর নির্ভর করার কথা বলেছেন।

২) পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় তৃতীয় অতিরিক্ত তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন।

# স্বচ্ছ ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে আরও বেশি করে প্রযুক্তিকে কাজে লাগানো হবে বলে কমিশন জানিয়েছে।

৩) রাজ্য বিধানসভা নির্বাচনে ২৯৪-টি আসনেই কংগ্রেস প্রার্থী দেবে দলীয় সূত্রে জানানো হয়েছে।

৪) বিধানসভা নির্বাচন এগিয়ে আসায় রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান চলেছে।

৫) কলকাতা প্রিমিয়ার হকি লিগে আজ মোহনবাগান ও ইস্টবেঙ্গল মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি ভারত দৃঢ়তার সঙ্গে মোকাবিলা করছে। তিনি এই সংকটকালে দেশবাসীর কাছে এক জোট হয়ে পরিস্থিতি মোকাবিলার আহ্বান জানিয়েছেন। আজ আকাশবাণীর ১৩২-তম মন-কি-বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই ধরনের পরিস্থিতিতে গুজবে প্রবাবিত না হওয়ার জন্য দেশবাসীকে বলেছেন। উপসাগরীয় অঞ্চলে কর্মরত ভারতীয়দের দেশে ফেরার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শ্রী মোদী বলেছেন, দেশের জ্বালানি সংক্রান্ত পরিস্থিতি বিষয়ে স্বচ্ছভাবে তথ্য জানানোর জন্য সরকার নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি সরকারের এই সব তথ্যের ওপর নির্ভর করার জন্য দেশবাসীর কাছে আবেদন জানিয়েছেন।

(বাইট – পশ্চিম এশিয়া সংকট/সরকারী তথ্য)

প্রধানমন্ত্রী আমাদের দেশের মহান সংস্কৃতি ও সমৃদ্ধ ঐতিহ্যে সংরক্ষণের জন্য "জ্ঞান ভারতম সমীক্ষা"র কথা বলেছেন, তিনি জ্ঞান ভারতম অ্যাপে পুরনো পান্ডুলিপি শেয়ার করার জন্য মানুষের কাছে আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী জানিয়েছেন, ভারতের নিজস্ব সংস্কৃতিকে বিশ্বের কাছে তুলে ধরতে বহু মানুষ বিভিন্ন ধরনের পান্ডুলিপি শেয়ার করেছেন।

প্রধানমন্ত্রী টি –টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে ভারতের ঐতিহাসিক জয়ের কথা উল্লেখ করে বলেছেন, এই সাফল্য আমাদের দেশে খেলোয়াড়দের দীর্ঘ সময় ধরে নিরন্তর প্রচেষ্টার ফলেই সম্ভব হয়েছে। জম্মু-কাশ্মীর, রঞ্জি ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় জয়লাভ করায় তিনি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। তিনি বলেন, কাশ্মীরের তরুণ বোলার আকিব নবীর মতো খেলোয়াড়দের সাফল্য ওই রাজ্যের যুবকদের খেলাধুলার প্রতি উৎসাহ বৃদ্ধিতে সহায়ক হবে।

এছাড়াও গুলমার্গে খেলো ইন্ডিয়া উইন্টার গেমস্ আয়োজনের ফলে ওই অঞ্চলটি দেশে খেলাধূলার কেন্দ্র হয়ে উঠতে পারে বলেও তিনি অভিমত প্রকাশ করেছেন।

প্রধানমন্ত্রী দেশের মানুষের শারীরিক সক্ষমতার ওপর পুনরায় জোর দিয়ে বলেছেন, যোগাভ্যাসের প্রীতি গোটা বিশ্বের আকর্ষণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। দেশের মানুষের কাছে

চিনি, ভোজ্য তেলের ব্যবহার কমিয়ে স্হুলতা এবং অন্যান্য অসুখ থেকে নিজেদের বাঁচিয়ে রাখার কথাও শ্রী মোদী উল্লেখ করেছেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে পুনরায় জল সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দেন। জল সঞ্চয় অভিযান এরফলে সারা দেশে প্রায় ৫০ লক্ষ কৃত্রিম জল সঞ্চয় পরিকাঠামো গড়ে উঠেছে বলে তিনি জানান। সারা দেশে অমৃত সরোবর অভিযানের মাধ্যমে যে ৭০ হাজার অমৃত সরোবর খনন করা হয়েছে, বর্ষার আগে সেই জলাশয়গুলিকে পরিস্কার করে জল সংরক্ষণের কাজে লাগানোর কথা বলেন প্রধানমন্ত্রী। এছাড়াও বাড়ির ছাদে জল সংরক্ষণের ক্ষেত্রে ত্রিপুরার ওয়াংমুন গ্রামের অধিবাসীরা যে উদ্যোগ নিয়েছেন, তিনি তাঁর প্রশংসা করেন।

উত্তরপ্রদেশের বারাণসীতে সম্প্রতি এক ঘণ্টায় ২ লক্ষ ৫১ হাজারের বেশি বৃক্ষরোপণ করে যেভাবে গিনেস ওয়ার্ল্ড রেকর্ড হয়েছে, তা সকলের কাছে অনুপ্রেরণা যোগাবে বলে প্রধানমন্ত্রী প্রত্যয় ব্যক্ত করেন। নাগাল্যান্ডে চিজামী গ্রামের মহিলারা এক অসাধারণ উদ্যোগের মাধ্যমে বীজ সংরক্ষণে যে ব্যবস্হা করেছেন এবং বীজ ব্যান্ড তৈরি করেছেন তা ভবিষ্যত প্রজন্মের জন্য মজবুত ভীত্তি স্হাপন করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

(বাইট – বীজ সংরক্ষণ)

ooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ায় তৃতীয় অতিরিক্ত তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। গতরাতে এই তালিকা প্রকাশ করা হয়। তবে নিষ্পত্তি হওয়া কত জন ভোটারের নাম এই তৃতীয় অতিরিক্ত তালিকায় রয়েছে, তা আলাদা ভাবে প্রকাশ্যে আসেনি। ২৮শে ফেব্রুয়ারি রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকার প্রাথমিক অংশ প্রকাশ করেছিল কমিশন। গত সোমবার ২৩শে মার্চ বিবেচনাধীন ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়। কমিশন জানায়, সে দিনের তালিকায় ২৭ লক্ষের কাছাকাছি নাম প্রকাশ করা হয়েছিল।

প্রতিদিন যাতে সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশ করা যায়, সেই জন্য আদালতের কাছে আবেদন করে কমিশন। এবার প্রতিদিন তালিকা প্রকাশ করা হবে বলেও কমিশন সূত্রে

জানা গেছে। যাঁদের নাম বাদ পড়বে, তাঁরা ট্রাইবুনালে আবেদন জানানোর সুযোগ পাবেন। ট্রাইবুনাল তাঁদের সেই আবেদন খতিয়ে দেখবে।

oooooooooooooooooooooooooo

স্বচ্ছ ও অবাধ নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশন এবার আরো বেশি করে প্রযুক্তিকে কাজে লাগাবে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল একথা জানিয়েছেন। তিনি বলেন, এবার শুধু বুথের ভিতরের নিরাপত্তা নয়, বুথের বাইরেও সমান নজরদারি থাকবে। বুথের আশপাশে ভোটারদের বাধা দেওয়া বা ভয় দেখানোর মতো ঘটনাকেও 'বুথ দখল' হিসেবে ধরা হবে বলে স্পষ্ট জানানো হয়েছে। আগে বুথের ভিতরে একটি করে সিসিটিভি ক্যামেরা থাকলেও এবার বুথের ভিতর ও বাইরে—দুই জায়গাতেই ক্যামেরা বসানো হবে।

প্রয়োজন অনুযায়ী ৩৬০ ডিগ্রি ভিউ নিশ্চিত করতে একাধিক ক্যামেরা বসানোর পরিকল্পনা রয়েছে। নজরদারির জন্য তৈরি করা হয়েছে ত্রিস্তরীয় ব্যবস্থা।

ইভিএমের নিরাপত্তা নিয়েও বিশেষ জোর দেওয়া হয়েছে। ইতিমধ্যেই প্রায় ৩ লক্ষ ইভিএম ইউনিটের ফার্স্ট লেভেল চেকিং সম্পন্ন হয়েছে। ইভিএম ও ভিভিপ্যাট বহনকারী যানবাহনে জিপিএস ট্র্যাকিং থাকবে এবং গণনাকেন্দ্রের লাইভ ছবিও সরাসরি কন্ট্রোল রুমে পৌঁছবে।

oooooooooooooooooooooooooo

রাজ্যের ২৯৪টি বিধানসভা আসনেই কংগ্রেস প্রার্থী দেবে। গতকাল দিল্লীতে কংগ্রেসের হাই কমান্ডের এক উচ্চ পর্যায়ের বৈঠকে এই প্রার্থী তালিকা চূড়ান্ত হয় বলে সূত্রের খবর। পশ্চিমবঙ্গের AICC-র পর্যবেক্ষক গুলাম আহমেদ মীর জানিয়েছেন, আপাতত ২৮৬ টি আসনের প্রার্থী তালিকা আজ প্রকাশিত হতে পারে। বাকি ৮ আসনের জন্য আরও বিস্তারিত রিপোর্ট চেয়েছে হাই-কমান্ড। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার গতকালের বৈঠকে উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooooo

বিধানসভার নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান চলেছে। চলতি মাসের শেষ রবিবারে আজ তৃণমূল কংগ্রেস নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুরুলিয়া ও বাঁকুড়ায় জনসভা করছেন।

রাজ্যের প্রশাসনিক আধিকারিকদের অপাসরণের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন শ্রীমতী ব্যানার্জী। আজ পুরুলিয়ার মানবাজারে এক নির্বাচনী সভায় তিনি অভিযোগ করেন, বিজেপি অন্য রাজ্যে বসবাসকারী বাংলা ভাষাভাষিদের ওপর আক্রমণ চালাচ্ছে। তাঁর সময়ে মানবাজার তথা পুরুলিয়ার ব্যাপক উন্নয়ন হয়েছে বলে তিনি দাবি করেন।

এদিকে, পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। আজ সকালে তিনি সাংবাদিকদের বলেন, পশ্চিমবঙ্গের অস্থিরতায় গোটা দেশ প্রভাবিত হচ্ছে। তাঁর অভিযোগ অপরাধী ও জঙ্গি সহ বাংলাদেশ থেকে আসা অনুপ্রবেশকারীরা সারা দেশে গন্ডগোল পাকাচ্ছে।

oooooooooooooooooooooooooo

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি। এই নির্বাচনে অন্যতম গুরুত্বপূর্ণ জেলা হল- পুরুলিয়া ।এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

( ভিসি- পুরুলিয়া)

oooooooooooooooooooooooooo

কলকাতা নাইটরাইডার্স এবারের আইপিএলে আজ তাদের প্রথম ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে। মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

oooooooooooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার হকি লিগের গুরুত্বপূর্ণ ম্যাচে আজ মোহনবাগান, ইস্টবেঙ্গলের মুখোমুখি হবে। যুব ভারতী হকি ষ্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল সাড়ে তিনটেয় ।